# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়, চুয়াডাঙ্গা

www.chuadangapourashava.org
Email- chuadangapourasava@lgd.gov.bd

## পৌর প্রশাসকের কর্মসম্পাদনে সহায়তা প্রদান সমন্বয় কমিটির ৯ম সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব শারমিন আক্তার
প্রশাসক, চুয়াডাঙ্গা পৌরসভা
স্থান : পৌরসভা মিলনায়তন
তারিখ : ২৬/০৬/২০২৫ খ্রি.
সময় : বিকাল : ৩-৩০ ঘটিকা
উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। শুরুতে পৌরসভার সার্বিক কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয় এবং গত ২৪/০৫/২০২৫ ইং তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পৌর নির্বাহী কর্মকর্তা পাঠ করে শোনান। সভার আলোচনা ও সিদ্ধান্ত সমূহ নিম্নে লিপিবদ্ধ করা হলো:-

অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | **পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদনঃ-**<br><br>সভাপতির অনুমতিক্রমে পৌর নির্বাহী কর্মকর্তা জনাব এস এম রেজাউল করিম বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। বিগত সভার কার্যবিবরণীতে কোন সংযোজন বিয়োজন না থাকায় তা সর্বসম্মত ভাবে দৃঢ়ীকরনের সিদ্ধান্ত গৃহিত হয়। | গত সভার কার্যবিবরণী সর্বসম্মতি ক্রমে অনুমোদন হয় | পৌর পরিষদ |
| ০২ | **ট্রেড লাইসেন্স প্রদান বিষয়ে আলোচনাঃ-**<br><br>সভায় উপস্থিত জনাব মাকসুরা জান্নাত, উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর চুয়াডাঙ্গা ও কার্যসম্পাদনে সহায়ক সদস্য, চুয়াডাঙ্গা পৌরসভা বলেন চুয়াডাঙ্গা পৌর এলাকার মধ্যে অবস্থিত ব্যবসায়ীগণের ট্রেড লাইসেন্স প্রদানের বিষয়ে লাইসেন্স শাখাকে চলতি অর্থ বছরে আদায়ের আরো তৎপর হতে হবে। সভায় উপস্থিত পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার পৌর এলাকার মধ্যে অবস্থিত ব্যবসায়ীগণের ডাটা কম্পিউটারে জরুরী ভিত্তিতে এন্ট্রি সম্পন্ন করার জন্য লাইসেন্স পরিদর্শক জনাব মোঃ আব্দুল মুহাইমিন পলাশকে পুনরায় নির্দেশ দেন। লাইসেন্স পরিদর্শক সভায় জানান মে/২০২৫ মাসে লাইসেন্স নবায়ন হয়েছে মোট ১৬৪টি এবং আয় হয়েছে ১,৬০,০০০/-টাকা। | পৌর এলাকার মধ্যে অবস্থিত সকল ব্যবসায়ীগণের ডাটা কম্পিউটারে জরুরী ভিত্তিতে নির্ধারিত তারিখের মধ্যে দ্রুত এন্ট্রি সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয় | লাইসেন্স শাখা |
| ০৩ | **পৌরসভার অবকাঠামো উন্নয়ন প্রসঙ্গে আলোচনাঃ-**<br><br>সভায় উপস্থিত পৌরসভার উপ-সহকারী প্রকৌশলী জনাব মোঃ আনিছুজ্জামান বলেন Resilient Urban and Territorial Development Project (RUTDP) প্রকল্পের আওতায় (1) PART-B:ROAD<br>Improvement of BC Road, Drain & Street Light from Shosan More to Shiyalmari Bridge .(Ch 0+000 to 3+180) and Link -1=Hazrahati Asik More to Hazrahati Primary School Road 0+100 Under Chuadanga Pourosava Dist. Chuadanga.<br>(2) PART-A:DRAIN<br>Construction of BC Road, Drain & Street Light from Shosan More to Shiyalmari Bridge .(Ch 0+000 to 3+180) and Link -1(Ch 0+100) Link -1=Hazrahati Asik More to Hazrahati Primary School Road 0+100 Under Chuadanga Pourosava Dist. Chuadanga.<br>(3) PART-B:ROAD<br>Improvement of BC Road, Drain & Street Light from Boro Bazar Chourasta to Shakra Tola and Muchipara More via Poura | ই-টেন্ডারের ব্যবস্থা গ্রহনের জন্য প্রকৌশল শাখাকে নির্দেশনা প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রকৌশল বিভাগ |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | College .(Ch 0+000 to 2+650) and Link-1=Shakratola More to Alamdanga Road (shofi Shop) Ch 0+000 to 0+350m,Link-2=Islam para More Ma madical to Pour Degre College Via alamdanga Road Ch 0+000 to 0+300) Under Chuadanga Pourosava Dist. Chuadanga.<br>(4) PART-A:DRAIN<br>Construction of BC Road, Drain & Street Light from Boro Bazar Chourasta to Shakra Tola and Muchipara More via Poura College .(Ch 0+000 to 2+920) and Link-1=Shakratola More to Alamdanga Road (shofi Shop) Ch 0+000 to 0+350m,Link-2=Islam para More Ma madical to Pour Degre College Via alamdanga Road Ch 0+000 to 0+300) Under Chuadanga Pourosava Dist. Chuadanga.<br>(5) PART-C:Street light<br>Construction of BC Road, Drain & Street Light from Boro Bazar Chourasta to Shakra Tola and Muchipara More via Poura College .(Ch 0+000 to 2+920) and Link-1(Ch 0+000 to 0+350),Link-2(Ch 0+000 to 0+300)<br>(6) PART-D:Envirnmental Management.<br>Improvement of BC Road, Drain & Street Light from Boro Bazar Chourasta to Shakra Tola and Muchipara More via Poura College .(Ch 0+000 to 2+920) and Link-1(Ch 0+000 to 0+350),Link-2(Ch 0+000 to 0+300) উক্ত কাজগুলো ইতোমধ্যে অনুমোদন পাওয়া গিয়াছে। সভায় উপস্থিত পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার উপরোক্ত কাজগুলি দ্রুত ই-টেন্ডারের ব্যবস্থা গ্রহনের জন্য প্রকৌশল শাখাকে নির্দেশনা প্রদান করেন।<br>সভায় উপস্থিত পৌরসভার নক্সাকার জনাব মোঃ আল-আমিন কবির জানান মেঁ ২০২৫ মাসে নক্সা অনুমোদন হয়েছে ৩০টি ও দাখিল হয়েছে ২০টি। মেঁ২০২৫ মাসে নক্সা বাবদ আয় হয়েছে ৪,৫৭,৬০৫/-টাকা। পৌরসভার সার্ভেয়ার জনাব মোঃ আবুল হাসেম বলেন মেঁ ২০২৫ মাসে জমির আইল সীমানা পরিমাপ করা হয়েছে ০৫টি এবং আয় হয়েছে ১৫,০০০/-টাকা। | | |
| ০৪ | **পৌরসভার বিগত মাসের আয় ব্যয় এর হিসাব বিবরণী প্রসঙ্গে আলোচনা:-**<br>সভায় উপস্থিত পৌরসভার প্রধান নির্বাহী জনাব এম. সাইফুল্লাহ, মে'২৫ মাসের আয়-ব্যয়ের হিসাব জানতে চাইলে হিসাব রক্ষণ কর্মকর্তা জনাব মোঃ রিয়াজুল ইসলাম সভায় জানান যে, মে'২৫ মাসের মোট পানি শাখার আয় ৩৭,৪৭,৭০৭.২০ টাকা ও ব্যয় ৩৪,২০,২৮৬.০০.০০ টাকা সমাপনি জের ৩,২৭,৪২১.২০ টাকা এবং রাজস্ব খাতের আয় ১,০৯,৫১,৪৪৬.৩৭ টাকা ও রাজস্ব খাতের মোট ব্যয় ৭৬,৯৬,৭৮৩.০০ টাকা সমাপনি জের ৩২,৫৪,৬৬৩.৩৭ টাকা। পরিশেষে কমিটির সিদ্ধান্ত অনুযায়ী উক্ত আয় ব্যয়ের হিসাব সঠিক ভাবে সংরক্ষণ করার বিষয়ে সিদ্ধান্ত হয়। | কম্পিউটারাইজড হিসাব সংরক্ষণ করার কাজ চলমান রাখা ও আয় ব্যয়ের হিসাব সঠিক ভাবে সংরক্ষণ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | হিসাব রক্ষণ কর্মকর্তা |
| ০৫ | পৌরকর আদায়ের অগ্রগতি বিষয়ে আলোচনা:-<br>পৌরকর আদায়ের অগ্রগতি বিষয়ে জানতে চাওয়া হলে অত্র পৌরসভার এ্যাসেসর জনাব মোঃ জাহাঙ্গীর আলম সভায় জানান যে, মে/২৫ মাসে আদায় হয়েছে ২১,৩৬,১২১.০০ টাকা। সভায় উপস্থিত পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার পৌরকর আদায়ের জন্য সংশ্লিষ্ট শাখাকে আরো তৎপর হওয়ার নির্দেশনা দেন। পরিশেষে কমিটির সিদ্ধান্ত অনুযায়ী বকেয়া কর আদায়ের ক্ষেত্রে সকল কর আদায়কারীকে তৎপর হওয়ার জন্য নির্দেশনা দেওয়া হয়। ওয়ার্ড পর্যায়ে পৌরকর আদায়ের সচেতনতা বৃদ্ধির ব্যবস্থা করার বিষয়ে সিদ্ধান্ত হয়। | পৌরকর আদায়ের জন্য ওয়ার্ড পর্যায়ে সচেতনতা বৃদ্ধির বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | এসেসর/কর শাখা |
| ০৬ | স্বাস্থ্য বিভাগের কার্যাবলী সর্ম্পকে আলোচনা:-<br>সভায় উপস্থিত মাকসুরা জান্নাত, উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, চুয়াডাঙ্গা ও কার্যসম্পাদনে সহায়ক সদস্য, চুয়াডাঙ্গা পৌরসভা আলোচনাকালে জন্ম নিবন্ধন ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমের অগ্রগতির বিষয়ে জানতে চান। সভায় উপস্থিত পৌর নির্বাহী | টিকাদানের পূর্বে জন্ম সদন নিশ্চিত করা, প্রত্যেক টিকাদানকারীকে তার সংশ্লিষ্ট ওয়ার্ডের জন্ম গ্রহনকারীর তথ্য সংগ্রহ করে | সেনেটারী ইন্সপেক্টর/টিকাদান সুপারভাইজার |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | কর্মকর্তা জনাব এস এম রেজাউল করিম সভায় জানান মে'২৫ মাসে জন্ম নিবন্ধন হয়েছে ৩৩০টি পুরুষ=১৬২ ও মহিলা=১৬৮ এবং মৃত্যু নিবন্ধন হয়েছে ২৭টি পুরুষ=১৮ ও মহিলা=৯। সভায় উপস্থিত পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার বলেন, আরো গুরুত্ব সহকারে সকলকে কাজ করতে হবে। সভায় উপস্থিত প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব এম. সাইফুল্লাহ বলেন জন্ম ও মৃত্যু নিবন্ধনের জন্য সংশ্লিষ্ট শাখায় কর্মরত সকলকে দায়িত্বশীল ভূমিকা পালন করার জন্য নির্দেশনা দেন। | তাদের জন্ম সনদ নিশ্চিত করা এবং সকলকে জন্ম ও মৃত্যু নিবন্ধনে দায়িত্বশীল ভূমিকা পালন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০৭ | **ক) স্যানিটেশন সম্পর্কে আলোচনা:-**<br>ক) সভায় উপস্থিত স্যানিটারী ইন্সপেক্টর জনাব নার্গিস জাহান বলেন পৌরসভার মুরগীর বাজার সপ্তাহে ০১(এক) দিন বন্ধ রাখার জন্য প্রস্তাব করেন। এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহনের আগে পৌরসভার ০৩টি বাজারের মুরগী ব্যবসায়ীগণের সাথে আলোচনার সিদ্ধান্ত হয়। সভায় প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব এম. সাইফুল্লাহ বলেন মুরগী ব্যবসায়ীদের সাথে আলোচনার মাধ্যমে সঠিক সিদ্ধান্ত গ্রহনের জন্য স্যানিটারী ইন্সপেক্টর জনাব নার্গিস জাহানকে নির্দেশনা প্রদান করেন। বাজার ব্যবস্থাপনা আইন অমান্যকারীর বিরুদ্ধে মোবাইল কোর্টের মাধ্যমে ব্যবস্থা গ্রহনের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সভায় উপস্থিত স্যানিটারী ইন্সপেক্টর জনাব নার্গিস জাহান বলেন পৌরসভার ০৩টি বাজারে (বড় বাজার, কেদারগঞ্জ বাজার ও রেল বাজার) মার্চ-২০২৫ ইং মাসে গরু জবেহ করা হয় ২১৭টি, ছাগল ১১৮৭টি। | পৌরসভার ০৩টি বাজারের মুরগী ব্যবসায়ীগণের সাথে আলোচনা করে সপ্তাহে ১দিন বন্ধ রাখা ও বাজার ব্যবস্থাপনায় আইন অমান্যকারীর বিরুদ্ধে মোবাইল কোর্টের মাধ্যমে ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | সেনেটারী ইন্সপেক্টর |
| ০৮ | **খ) টিকাদান কর্মসুচী সর্ম্পকে আলোচনা:-**<br>খ) সভায় টিকাদান কর্মসুচি সম্পর্কে জানতে চাইলে টিকাদান সুপারভাইজার জনাব মোঃ আলী হোসেন মে/২০২৫ মাসে কাজের বিবরণ অত্র সভায় পেশ করেন। বিবরনঃ- বিসিজি-১৫৮টি, পেন্টা-১, ১৬০টি, পেন্টা-২, ১৫৫টি, পেন্টা-৩, ১৪০টি, পোলিও-১, ১৬০টি, পোলিও-২, ১৫৫টি, পোলিও-৩, ১৪০টি, পিসিভি-১, ১৬০টি, পিসিভি-২, ১৫৫টি, পিসিভি-৩, ১৪০টি, এম আর-১, ২৫১টি, এম আর-২, ১৮৩টি, আইপিভি-১, ১৬০টি, আইপিভি-২, ১৪০টি, টিডি- ১, ১১৭টি, টিডি-২, ১২১টি, টিডি-৩, ১১১টি, টিডি-৪, ১১৭টি, টিডি-৫, ১৫০টি প্রদান করেন। সভায় উপস্থিত পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার টিকাদান কার্যক্রমের কাজ গুরুপ্ত সহকারে পালনের জন্য সবাইকে দিক নির্দেশনা দেন। পরিশেষে কমিটির সিদ্ধান্ত অনুযায়ী টিকাদান কর্মসূচীর আওতায় টিকা কার্যক্রমের ক্ষেত্রে সরকারি বিধি মোতাবেক সংশ্লিষ্ট সকলকে সঠিক ভাবে দায়িত্ব পালনের জন্য টিকাদান সুপারভাইজারকে নির্দেশনা প্রদান করেন। | টিকাদান কার্যক্রমের কাজ গুরুপ্ত সহকারে পালনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | টিকাদান সুপারভাইজার |
| | **গ) ময়লা-আবর্জনা, পরিস্কার পরিচ্ছন্ন কার্যক্রম জোরদার বিষয়ে আলোচনা:**<br>সভায় উপস্থিত পৌরসভার কঞ্জারভেন্সি পরিদর্শক জনাব মোঃ জুবায়ের রহমান বলেন জেলা প্রাথমিক শিক্ষা অফিস ও চুয়াডাঙ্গা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় এর আশে-পাশে দ্রুত সময়ের মধ্যে ময়লা আবর্জনা পরিস্কার ও মশা নির্ধন কার্যক্রম বাস্তবায়ন করা হবে। এছাড়াও পৌরসভার ০৯টি ওয়ার্ডে রাস্তার আশে-পাশের ঝোপ-ঝাড় পরিস্কার করার কাজ চলমান আছে। সভায় উপস্থিত পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার বলেন উক্ত কাজ দ্রুত সময়ের মধ্যে বাস্তবায়নের জন্য কঞ্জারভেন্সি পরিদর্শকে নির্দেশনা দেন। সভায় উপস্থিত প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব এম. সাইফুল্লাহ পরিস্কার পরিচ্ছন্ন শাখায় নিয়োজিত কর্মীদের আরো দায়িত্বশীল হওয়ার জন্য নির্দেশনা দেন। পরিশেষে ০৯টি ওয়ার্ডে রাস্তার আশে-পাশের ঝোপ-ঝাড় পরিস্কার করার সিদ্ধান্ত হয়। | রাস্তার পাশের ঝোপ-ঝাড় পরিস্কার করা, প্রতিটি ওয়ার্ডের মূল ড্রেনগুলো দ্রুত সময়ের মধ্যে পরিস্কার করা এবং সকল ওয়ার্ডে চলতি মাসে মশার ঔষধ স্পে করার কার্যক্রম সম্পন্ন সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রকৌশল বিভাগ/কঞ্জারভেন্সী শাখা |
| ০৯ | **পানি শাখার কার্যাবলী প্রসঙ্গে আলোচনা:**<br>সভায় উপস্থিত উপ-সহকারী প্রকৌশলী দায়িত্ব প্রাপ্ত (পানি) শাখা নিম্ন আকারে মে/২৫ মাসের কাজের প্রতিবেদন অত্র সভায় দাখিল করেন। নতুন সংযোগ ১৪টা, পুনঃ সংযোগ ০৩টা, ডায়া উন্নয়ন ০০ টা, নাম পরিবর্তন ০১টা, স্থান পরিবর্তন-০০টা, ডায়া কর্তন-০১টা (খেলাপি গ্রাহক), ২৪-২৫ অর্থ বছরে জুন/২৫ পর্যন্ত মোট দাবী=২,৮৬,৬১,৬৩৭/-টাকা। মে'২০২৫ইং পর্যন্ত মোট আদায় =২,৪৮,৫৬,২৪১/-টাকা, বকেয়া দাবী=৫০,০৩,০০০/-টাকা, মে'২০২৫ মাসে বকেয়া সহ আদায়=১৯,৯৬,৮৬০/-টাকা। কম্পিউটার/লেজার পোষ্টিং ৫০৫৭টা ভাঃ, মোট পানির গ্রাহক সংখ্যা ৭৮৯৮ (কর্তন ১১৮০) মোট মটর গ্রাহক সংখ্যা ৮৮৮ টা। সভায় উপস্থিত পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার পানি শাখার কার্যক্রম আরো | পানি শাখার কার্যক্রম গতিশীল করার জন্য পানি শাখায় কর্মরত সবাইকে আরো দায়িত্বশীল হওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | গতিশীল করা জন্য পানি শাখার দায়িত্বরত প্রকৌশলী জনাব মোঃ আনিছুজ্জামানকে নির্দেশনা দেন। | | |
| ১০ | বিবিধ:<br>২০২৩-২৪ ও ২০২৪-২৫ অর্থ বছরের বকেয়া পেপার বিল ও চুয়াডাঙ্গা পৌরসভার অভ্যন্তরীন বিভিন্ন ব্যয়ের ব্যাপারে কমিটি গঠন করা প্রসঙ্গে আলোচনা:<br><br>পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার চুয়াডাঙ্গা পৌরসভার ২০২৩-২৪ ও ২০২৪-২৫ অর্থ বছরের বকেয়া পেপার বিল ও পৌরসভার অভ্যন্তরীন বিভিন্ন ব্যয়ের যথার্থতা নির্ণয়পূর্বক বর্ণিত কাজ গুলোর বিল প্রদানের যৌক্তিকতা নিরপূনের নিমিত্ত বকেয়া বিল দেওয়ার ব্যাপারে বিল প্রাপ্তির যথার্থতা যাচাই পূর্বক প্রতিবেদন প্রদানের জন্য কমিটি গঠনের জন্য নির্দেশনা দেন। সভায় সর্বসম্মতিক্রমে কমিটি গঠনের সিদ্ধান্ত হয়। | ২০২৩-২৪ ও ২০২৪-২৫ অর্থ বছরের বকেয়া পেপার বিল ও পৌরসভার অভ্যন্তরীন বিভিন্ন ব্যয়ের বিল প্রদানের যৌক্তিকতা নিরপূনের নিমিত্ত কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। | পৌর প্রশাসক |

আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলের সু-স্বাস্থ্য ও মঙ্গল কামনা সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

০৮/০৭/২৫

(শারমিন আক্তার)
প্রশাসক
চুয়াডাঙ্গা পৌরসভা

স্মারক নং-চুয়াঃ পৌঃ/২০২৫/৮৭৫(১৪) তারিখ: ১৫/০৭/২০২৫খ্রি.

➢ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরন করা হলো:-

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা
৩। জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা
৪। প্রকল্প পরিচালক ওটএওচ এলজিইডি ভবন, শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭
৫। বিভাগীয়/শাখা প্রধান, চুয়াডাঙ্গা পৌরসভা।
৬-১৪। জনাব.................................................................................সদস্য, চুয়াডাঙ্গা পৌরসভা।

১৫/০৭/২৫

(শারমিন আক্তার)
প্রশাসক
চুয়াডাঙ্গা পৌরসভা